

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:23-03-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CBSE :

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন 20টি স্কুলকে অসদাচরণের জন্য অনুমোদন বাতিল করেছে। সিবিএসই এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, পর্ষদের পরিদর্শনের সময় অধিভুক্তি এবং পরীক্ষার নিয়ম মেনে চলার ক্ষেত্রে বিদ্যালয়গুলির অসঙ্গতি পাওয়ায় এই কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

Bihar day :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল রাজভবনে বলেছেন, পূর্ণরাজ্য দিসব উদযাপন বিভিন্ন রাজ্যের জনগনের মধ্যে ঐক্য ও সংহতিকে সুদৃঢ় করবে। গতকাল সন্ধ্যায় রাজভবনে বিহার পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বিহারবাসীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন প্রমুখ।

Current Affairs :

রাজ্যের ২টি আসনের লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তর সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে।

ভোটারদের উৎসাহ বাড়াতে সচেতনতামূলক নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারীক সুভাশিষ বন্দোপাধ্যায়। এই নিয়ে আকাশবানী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনায় একটি সাক্ষাৎকারভিত্তিক অনুষ্ঠান আকাশবানী আগরতলা কেন্দ্র থেকে শোনা যাবে আজ বেলা ৩টা ১৫ মিনিটে।

conclave of Judicial officer :

নরসিংগড়ে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে আজ অনুষ্ঠিত হবে দশম বার্ষিক জুডিশিয়াল সম্মেলন। এই সম্মেলনে উপস্থিত থাকবেন সুপ্রিমকোর্টের বিচারপতি সূর্য কান্ত, সুপ্রিমকোর্টের বিচারপতি অনিরুদ্ধ বোস, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, বম্বে হাইকোর্টের প্রাক্তন বিচারক ডি শেশাদ্রি নাইডু, সুপ্রিম কোর্টের বরিশত আইনজীবী সিদ্ধার্থ লোথরা সহ অন্যরা। ত্রিপুরা হাইকোর্ট সূত্রে এই খবর জানা গেছে।

Bar election :

আগামীকাল আগরতলা আদালত চত্বরে ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের ভোট অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে গতকাল বার অ্যাসোসিয়েশনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নির্বাচনের রিটারনিং অফিসার আইনজীবী সন্দীপ দত্ত চৌধুরী বলেছেন, ১৫টি আসনের জন্য দ্বিমুখী লড়াই হবে। সর্বমোট ভোটার ৫০০ জন আইনজীবী। এরমধ্যে ৮০ জন নতুন ভোটার রয়েছেন। শ্রী

চৌধুরী জানান, নির্বাচনের দিন ভোট কেন্দ্রের চারটি বুথে ব্যালটে ভোট দেবেন আইনজীবীরা।

Flag march :

পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রাজনগর বিধানসভা এলাকার বড়পাথরী বাজার ও আশপাশ এলাকায় গতকাল কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীকে সঙ্গে নিয়ে ফ্ল্যাগ মার্চ করেছেন বিলোনিয়া মহকুমা শাসক রিংকু লাথের। অতিরিক্ত মহকুমা শাসক আশীষ বিশ্বাস, মহকুমা পুলিশ আধিকারিক অভিজিত দাস সহ অন্যান্যরা ফ্ল্যাগ মার্চে ছিলেন।

এদিকে, গতকাল সন্ধ্যায় সাব্রুম মহকুমার বিভিন্ন জায়গায় বিশাল ফ্ল্যাগমার্চ করেছেন দক্ষিণ জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল ও জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহার নেতৃত্বে পুলিশ ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী। সাব্রুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত জানান, ভোটের আগে ভয়মুক্ত পরিবেশ গড়ে তুলতেই এই ফ্ল্যাগমার্চ।

Sainik sammelan :

সিদ্ধি আশ্রমে টিএসআরের ১২ নম্বর ব্যাটেলিয়ানে গতকাল সৈনিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে আলোচনা করেন রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন এবং টিএসআরের দায়িত্বপ্রাপ্ত আইজিপি। শ্রী রঞ্জন ভাষণে জওয়ানদের সামাজিক কাজের প্রশংসা করেছেন। সৈনিক সম্মেলনের পর রক্তদান শিবিরও অনুষ্ঠিত হয়।

Nomination :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের প্রতিদ্বন্দ্বিতার জন্য আমরা বাঙালি প্রার্থী গৌরী শঙ্কর নন্দী গতকাল মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এই আসনের প্রতিদ্বন্দ্বিতার জন্য ইতিপূর্বে এস.ইউ.সি.আই(সি) প্রার্থী অরুণ ভৌমিক ও নির্দল প্রার্থী মিলনপদ মুড়াসিং মনোনয়নপত্র জমা দিয়েছেন।

এদিকে, রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ইন্ডিয়া জোটের প্রার্থী রতন দাস গতকাল মনোনয়নপত্র জমা দিয়েছেন।

Detain of bangladeshi :

বেআইনি অনুপ্রবেশের জন্য গতকাল সন্ধ্যায় আগরতলা রেল স্টেশনে এক বাংলাদেশি তরুণী ধরা পড়েছে। আগরতলা জিআরপি থানার পুলিশ জানিয়েছে, ধৃত তরুণীর বাড়ি বাংলাদেশের সাহজাহানপুর থানা এলাকায়। তার সঙ্গে এক মানব পাচারকারীকেও গ্রেপ্তার করা হয়েছে।

Northeast Games :

নাগাল্যান্ডে আয়োজিত তৃতীয় উত্তরপূর্ব গেমসে ত্রিপুরা পঞ্চমদিনে দুটি পদক পেয়েছে। সবমিলিয়ে এপর্যন্ত রাজ্যদল ১৮টি পদক পেলো। গতকাল ব্যাডমিন্টনের মিক্সড ডবলসে রীতেশ কোঠারি ও রূপশ্রী নাথ ব্রোঞ্জ পদক পান। এছাড়া, এথলেটিক্সে মহিলাদের

লংজাম্পে মৌসুমী দেব ব্রোঞ্জ পদক দখল করেন। আজ আসরের
আনুষ্ঠানিক সমাপ্তি হবে।

Weather :

আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা
বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রীর
কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল
১৯.৩ ডিগ্রী সেলসিয়াস।
